


# কালের কণ্ঠ

---

আপডেট : ৬ নভেম্বর, ২০১৮ ২৩:২০

ভর্তি ফি বাড়ানোর সিদ্ধান্তের প্রতিবাদ

 ভর্তি ফি বাড়ানোর সিদ্ধান্তের প্রতিবাদ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি) ২০১৮-১৯ শিক্ষাবর্ষে অনার্স প্রথম বর্ষের ভর্তি ফি বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন। এবার ভর্তি ফি ৯ হাজার ৫০০ টাকা নির্ধারণ করা হয়েছে, গতবার যা ছয় হাজার ৮৫০ টাকা ছিল। আজ বুধবার অনুষ্ঠিত হতে যাওয়া একাডেমিক কাউন্সিলের সভায় বিষয়টি চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে।

গত সোমবার রাতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা গেছে। বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়, আগামী ১১ থেকে ১৩ নভেম্বর ভর্তি অনুষ্ঠিত হবে। অন্যদিকে সিদ্ধান্তটির প্রতিবাদ গতকাল মঙ্গলবার ক্যাম্পাসে আলাদা বিক্ষোভ-মিছিল ও সমাবেশ করেছে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট ও জাতীয় ছাত্রদল। সমাবেশে ছাত্র সংগঠনগুলোর নেতারা বলেন, ‘এ সিদ্ধান্ত বেসরকারীকরণ ও বাণিজ্যিকীকরণকে উৎসাহিত করবে। এ অবস্থা চলতে থাকলে বিশ্ববিদ্যালয়ের দ্বার নিম্ন-মধ্যবিত্ত ও সমাজের একাংশের জন্য বন্ধ হয়ে যাবে, যা অযৌক্তিক ও অগণতান্ত্রিক।’ তারা আরো বলেন, ‘ভর্তি ফি যেভাবে বাড়ানো হচ্ছে এতে করে গরিব শিক্ষার্থীরা ভর্তি হতে পারবে না।’

উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, ‘একাডেমিক কাউন্সিলের সভায় ভর্তি ফি বাড়ানোর বিষয়টি চূড়ান্ত করব।’

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com